



স্মারক নং: ০৫.৩০.৫৯৫৬.০০০.৩২.০০৮.২১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

“হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত হাট/বাজারসমূহ ১৪২৯ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি জারীর দিন হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয় মুন্সীগঞ্জ এর রাজস্ব শাখা, সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে যাবতীয় শর্তাবলী সম্বলিত দরপত্র নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র নিম্নবর্ণিত তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত সময়ে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) মুন্সীগঞ্জ সদর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা দাখিল করা যাবে এবং ঐ দিনই বিকেল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। ১ম তারিখে উপযুক্ত দরদাতা না পাওয়া গেলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরবর্তী তারিখ হতে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র খামের উপর হাট/বাজারের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবেনা।

ক্র: নং	হাটবাজারের নাম	ইউনিয়নের নাম	১ম পর্যায়		২য় পর্যায়		৩য় পর্যায়		সিডিউলের মূল্য (অফেরত যোগ্য)	সরকারি মূল্য
			দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ		
			০৮/০৩/২২ হতে ১৩/০৩/২২ খ্রিঃ	১৪/০৩/২২ খ্রিঃ	১৫/৩/২২ হতে ২০/০৩/২২ খ্রিঃ	২১/৩/২২ খ্রিঃ	২২/৩/২২ হতে ২৭/০৩/২২ খ্রিঃ	২৮/৩/২২ খ্রিঃ		
১	মদিনা বাজার	বজ্রযোগিনী	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/-	২৯,৪৩৩/-
২	বজ্রযোগিনী বাজার	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/-	২৩,৬৯১/-
৩	ধলাগাও বাজার	রামপাল	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১,৮০০/-	৫,৬৭,১০০/-
৪	মাকহাট বাজার	মোল্লাকান্দি	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	৫০০/-	২৭,৭৭২/-
৫	চরডুমুড়িয়া বাজার	মোল্লাকান্দি	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১,২০০/-	২,৪০,৭৯৭/-
৬	চিতলিয়া বাজার	আধারা	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১,৬০০/-	৪,২৫,৮৮৪/-

উল্লেখ্য যে, কোন পর্যায়ের দরপত্র গৃহীত হলে তার পরবর্তী পর্যায়ের দরপত্র কার্যক্রম কার্যকর হবে না।

শর্তাবলীঃ

১। ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর এর অনুকূলে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।


৩। দরপত্র গৃহীত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্র দাতাকে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) টাকা এবং ইজারার উপর অতিরিক্ত ৫% আয়কর ১-১১৪১-০১১৫-০১১১ কোড নম্বরে এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) ১-১১৩৩-০০১০-০৩১১ কোড নম্বরে চালানোর মাধ্যমে জমা প্রদান করে অত্রাফিসকে অবহিত করতে হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা।

৬। প্রতিটি হাট/বাজারের জন্য পথক পথক সীল মোহরকত খামে দরপত্র দাখিল করতে হবে।

- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ৮। খামের উপর দর দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেনা।
- ১০। সমস্ত অর্থ (ইজারা মূল্য, ভ্যাট, আয়কর) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর (সর্বোচ্চ) একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট/বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটা, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
- ১৫। কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
- ১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



 মোহাম্মদ হাসিব সরকার
 উপজেলা নির্বাহী অফিসার
 মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
 ফোনঃ ৭৬১১১৩৩
 e-mail: unomunshiganj@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৯৫৬.০০০.৩২.০০৮.২১.১৫৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
 ০১ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
- ২। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
- ৬। মেয়র, মুন্সীগঞ্জ/ মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), মুন্সীগঞ্জ
- ৮। সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ
- ৯। উপজেলা.....কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। অফিসার ইনচার্জ মুন্সীগঞ্জ থানা
- ১১। সাব-রেজিস্টার, মুন্সীগঞ্জ/পোস্টমাস্টার, মুন্সীগঞ্জ
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, মুন্সীগঞ্জ সদর। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। চেয়ারম্যান.....ইউপি(সকল), মুন্সীগঞ্জ সদর
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....(সকল), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ। তাকে এ বিজ্ঞপ্তিটি দোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক সার্ভিস রিটার্ন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। অফিস কপি


 মোহাম্মদ হাসিব সরকার
 উপজেলা নির্বাহী অফিসার
 মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ